**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**12 AUGUST 2025** **7:35 AM IST**

==============================================================

রাজ্যে পুনরায় ১০ টি সমজেলা সংযোজন করা হবে । আজ কাছাড় , কামরূপ , শোণিতপুর , যোরহাট ,তিনসুকিয়া এবং গোয়ালপারায় সমজেলা সংযোজন কার্যসূচীতে বেশকয়েকজন মন্ত্রী অংশগ্রহণ করবেন । এ নিয়ে রাজ্যে মোট সমজেলার সংখ্যা ৪৯ এ বৃদ্ধি পাবে । গত বছরের অক্টোবর মাসে ৩৯ টি সমজেলা সংযোজন করা হয়েছিলো । প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে উল্লেখযোগ্য পদক্ষেপ হিসেবে গঠন করা সমজেলাগুলি ভূমি , রাজস্ব সম্পর্কীত সেবা , উন্নয়ন ও জনকল্যাণমূলক প্রকল্প রূপায়ন ,প্রশাসনিক ক্ষমতা , খাদ্য ও সরবরাহ ব্যাবস্থা নিশ্চিত ,পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের প্রকল্পের সফল রূপায়ন ও দূর্যোগ ব্যাস্থাপনার ক্ষেত্রে জনসাধারণকে প্রয়োজনীয় সুবিধা লাভ করতে সহায়তা করবে ।

---

রাজ্যের পূর্ত ,মীন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল চিকিৎসা পরিষেবা পর্য্যবেক্ষন করতে গতকাল শ্রীভূমি শহরের করিমগঞ্জ সিভিল হাসপাতাল পরিদর্শন করেন । পরিদর্শনকালে মন্ত্রী হাসপাতালে রোগীদের

সঙ্গে কথা বলেন এবং ডাক্তারদের সঙ্গে মত বিনিময় করেন । মন্ত্রী শ্রী পালের সঙ্গে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , জেলা বি জে পি সভাপতি সঞ্জীব বণিক সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন ।

---

আসাম রাজ্য নগর জীবিকা মিশনের হাইলাকান্দি জেলা শাখার পক্ষ থেকে হর ঘর তিরঙ্গা কার্যসূচী সফল করতে জেলার বিভিন্ন প্রান্তে তিরঙ্গা পতাকা বিক্রয় কেন্দ্র খোলা হয়েছে । হাইলাকান্দি পৌরসভা কার্যালয়ের সামনে গতকাল অনুরূপ একটি বিক্রয় কেন্দ্র খোলা হয় । অতিরিক্ত আয়ুক্ত দ্বীপমালা গোয়ালা এবং পুরপতি মানব চক্রবর্তী এই তিরঙ্গা পতাকা বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করেন । এ সম্পর্কে সিটি প্রজেক্ট ম্যানেজার সাইদুল রহমান চৌধুরী জানান ------

**বাইট**

এদিকে স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে বিভিন্ন স্থানে সাফাই অভিযান , দেওয়াল লিখন , বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে । গ্রামীণ জীবিকা মিশনের হাইলাকান্দি শাখার উদ্যোগে গাগলাছড়ায়ও একটি তিরঙ্গা পতাকা বিক্রয় কেন্দ্র খোলা হয়েছে ।

---

বাংলা ভাষা ও জাতিস্বত্তা নিয়ে আপত্তিকর মন্তব্যের প্রতিবাদে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন আগামীকাল উপত্যকার তিন জেলা সদরে অবস্থান বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হবে । সকাল ১১টা থেকে একটা পর্য্যন্ত এই বিক্ষোভ কার্য্যসূচী শিলচর ক্ষুদিরাম মূর্তির

পাদদেশে , শ্রীভূমিতে শম্ভু সাগর পার্কে এবং হাইলাকান্দিতে ভাষা শহীদ স্মারক প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটাল এন্ড রির্সাচ সেন্টারের উদ্যোগে আগামী ১৭ই আগষ্ট কাছাড় জেলায় তিনটি চক্ষু পরীক্ষা শিবির অনুষ্টিত হবে । এই শিবিরগুলি

শিলচর সোনাই রোডের অপটিক প্যালেস , উধারবন্ধ এবং তাপাং-এ অনুষ্টিত হবে । শিবিরগুলি সকাল ১০টায় শুরু হবে ।

---

মাতৃভূমি কাপ প্রাইজমানি নকআউট ফুটবল প্রতিযোগীতার আগামীকালের খেলায় জামলপুর এফসি ও বাম সপ্তগ্রাম এফ সি পরস্পরের মুখোমুখি হবে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার গতকালের খেলায়  ভাগা এফ সি জয়ী হয়েছে । তারা ১-০ গোলের ব্যবধানে কালাখাল এফ সি দলকে পরাজিত করেছে । আজ কোন খেলা হবে না ।

---

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা ( বাকস )এর হাইলাকান্দি জেলা কমিটির উদ্যোগে শহরের প্রিসাইন্সিয়া সিনিয়র সেকেন্ডারি স্কুলে আজ বেলা সাড়ে ১২ টায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে দেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস নিয়ে আলোচনা করা হবে । এছাড়া ছাত্র-ছাত্রীদের মধ্যে ক্রীড়া বিষয়ে কুইজ প্রতিযোগিতাও অনুষ্ঠিত হবে ।